

## আজ এইচএসসি ভোকেশনালের পরীক্ষা হবে

■ সমকাল প্রতিবেদক  
জামায়াতে ইসলামীর ঢাকা আজ  
শোমবারের হরতালেও কারিগরি  
বোর্ডের অধীনে এইচএসসি  
ভোকেশনালের পরীক্ষা হবে। তবে  
আজ এইচএসসিতে আট সাধারণ  
বোর্ড, মাদ্রাসা বোর্ড এবং কারিগরি  
বোর্ডের এইচএসসি (ব্যবসা  
ব্যবস্থাপনা) ও ডিপ্লোমা ইন কমার্্সের  
কোনো পরীক্ষা নেই। এসব বোর্ডের  
পরবর্তী পরীক্ষা ১৫ এপ্রিল।  
কারিগরি বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক  
ড. মো. রফিকুল ইসলাম মীর  
গতকাল সমকালকে বলেন,  
‘এইচএসসি ভোকেশনাল পরীক্ষা  
দেশের ৬৪টি সরকারি টেকনিক্যাল  
স্কুল আন্ড কলেজ কেন্দ্রে অনুষ্ঠিত  
হবে। তাই হরতাল পরীক্ষার ওপর  
কোনো প্রভাব ফেলবে না।’